

সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) পরিবীক্ষণ কমিটির ৪র্থ সভার কার্যবিবরণী

তারিখ : ২৩.০৫.২০২৩
স্থান : সভা কক্ষ
সময় : সকাল ১১.০০টা
সভাপতি : নূর আনোয়ার হোসেন, জেনারেল ম্যানেজার (চ: দা:), বাংলাদেশ টেলিভিশন, চট্টগ্রাম কেন্দ্র
সভায় উপস্থিতি : পরিশিষ্ট “ক” দ্রষ্টব্য


সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে বিটিভি, চট্টগ্রাম কেন্দ্রের ২০২২-২৩ অর্থ বছরের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার)-এর পরিবীক্ষণ কমিটির ৪র্থ সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে পরিবীক্ষণ কমিটির সদস্য সচিব চট্টগ্রাম কেন্দ্রের সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা অনুযায়ী হালনাগাদ তথ্য সভায় তুলে ধরেন।

০২। অতঃপর বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

সিদ্ধান্ত:

- সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা ২০২২-২৩ অনুযায়ী ৪র্থ প্রান্তিকে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন করতে হবে;
- কর্মপরিকল্পনা মোতাবেক সিটিজেন চার্টারের প্রয়োজনীয় অংশ সংশোধনপূর্বক বিটিভি'র ওয়েব সাইটে প্রকাশ করার ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- সেবা প্রদান সংক্রান্ত আইন-কানুন, বিধি-বিধান এবং সেবা প্রদান প্রতিশ্রুতি প্রণয়ন ও বাস্তবায়ন বিষয়ে ত্রৈমাসিক ভিত্তিতে প্রশিক্ষণ আয়োজন করতে হবে;
- কর্মপরিকল্পনা মোতাবেক সেবা প্রদান বিষয়ে ৪র্থ প্রান্তিকে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন করতে হবে;
- কর্মকর্তা/কর্মচারীদের সাধারণ ভবিষ্য তহবিল, অর্জিত ছুটি, শ্রান্তি বিনোদন ছুটি ও ভাতা প্রদান, পিআরএল এবং বিভিন্ন ছুটির আবেদনের প্রেক্ষিতে শতভাগ সেবা প্রদান নিশ্চিত করতে হবে;
- সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা অনুযায়ী ৪র্থ প্রান্তিকের (এপ্রিল-জুন ২০২৩ পর্যন্ত) সকল কার্যক্রম সম্পন্ন করে প্রতিবেদন প্রমাণকসহ সদর দপ্তরে প্রেরণ করতে হবে।

০৩। আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


নূর আনোয়ার হোসেন
জেনারেল ম্যানেজার (চ: দা:)
ফোন: ০২৩৩৪৪৬৬১৩৯ (অফিস)

মহাপরিচালক
বাংলাদেশ টেলিভিশন
সদর দপ্তর, রামপুরা
ঢাকা।

বিতরণ: উপস্থিত কর্মকর্তাবৃন্দ।

অনুলিপি:

- সিনিয়র সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ টেলিভিশন, সদর দপ্তর, ঢাকা (কার্যবিবরণীটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- কার্যালয় নথি।

সিনিয়র সিস্টেম এনালিস্ট এর কার্যালয়	
সিস্টেম এনালিস্ট	<input type="checkbox"/> প্রয়োজনীয় ব্যবস্থা নিন
প্রোগ্রামার-১	<input type="checkbox"/> উপস্থাপন করুন
প্রোগ্রামার-২	<input type="checkbox"/> কথা বলুন
পিএ	<input type="checkbox"/> তাগিদ দিন
	স্বাক্ষরিত